গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
কর্মসংস্থান শাখা-০১
www.probashi.gov.bd

বিষয়: 'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬' ও 'জাতীয় প্রবাসী দিবস-২০২৬' উদযাপন উপলক্ষ্যে "প্রকাশনা বিষয়ক উপকমিটি"র সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: শহিদুল ইসলাম চৌধুরী
যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার তারিখ ও সময় : ১৮-১০-২০২৬ খ্রি., বিকাল: ৩:০০ টায়

সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (লেভেল-১৮)।

উপস্থিতি : পরিশিষ্ট-ক

০২। উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে "প্রকাশনা বিষয়ক উপকমিটি"র আহবায়ক ও সভার সভাপতি'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬' ও জাতীয় প্রবাসী দিবস, ২০২৬ সফলভাবে উদযাপনের লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে এ বছর প্রকাশিতব্য স্যুভেনির ও ক্রোড়পত্রের মান, কলেবর, প্রচ্ছদ, প্রাসঙ্গিক লেখা/আর্টিকেল, বাণী, প্রকাশনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় ও সম্ভাব্য ব্যয় সম্পর্কে সভায় উপস্থিত সদস্যগণ তাঁদের মতামত ব্যক্ত করেন।

০৩। সভায় স্যুভেনির ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৪। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহণ করা হয়:

৪.১ উপকমিটির সদস্য, উপসচিব (এনফোর্সমেন্ট শাখা-২) মিজ প্রিয়াংকা পাল প্রশিক্ষণে থাকায় তার স্থলে উপসচিব (আইন শাখা) মুহাম্মাদ আমিমুল এহসান কে উপ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.২ স্যুভেনির প্রকাশনা:

(ক) স্যুভেনির প্রকাশের নিমিত্ত (i) সংশ্লিষ্ট দেশ ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের অবদান, (ii) বৈশ্বিক চ্যালেঞ্জ ও প্রবাসী বাংলাদেশি, iii) প্রবাসীদের কল্যাণে বর্তমান সরকারের গৃহীত কার্যক্রম ও ভবিষ্যতে করণীয়, (iv) বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসীদের রেমিট্যান্সের গুরুত্ব, (v) নিরাপদ অভিবাসন, (vi) অভিবাসনে সুশাসন, vii) অভিবাসনে বাংলাদেশের অর্জন, (viii) Reintegration, (ix) প্রবাসীদের সফলতার গল্প প্রভৃতি thematic area-সহ প্রবাসী কল্যাণ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে লেখা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সর্বোচ্চ ১২০০ শব্দে, ফন্ট সাইজ ১২, Nikosh অথবা Times New Roman ফন্ট ব্যবহার করে যথাক্রমে বাংলা ও ইংরেজি লেখা টাইপ করে সফট কপি souvenir26.probashi@gmil.com, ই-মেইলে ও হার্ড কপি যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয় বরাবর আগামী ১২ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

(গ) ছবির মান বজায় রেখে (৫০০০-৩০০০ পিক্সেল ও ৫ এমবি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা এবং অন্যান্য অংশীজনকে অভিবাসন সংশ্লিষ্ট সাম্প্রতিক ছবি প্রেরণ করার অনুরোধ করা হয়। বিদেশে বাংলাদেশি কর্মীদের কর্মক্ষেত্রের কিছু বাস্তব/সাম্প্রতিক ছবি এবং প্রাসঙ্গিক লেখা সংগ্রহের নিমিত্ত মিশন ও কল্যাণ অনুবিভাগের উপসচিব জনাব মুহা: শওকত আলী নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন:

i. বিদ্যমান শ্রমবাজার এবং সম্ভাবনাময় শ্রম বাজার সম্পর্কে বিভিন্ন শ্রম কল্যাণ উইং হতে লেখা সংগ্রহ করবেন।

ii. বড় এবং গুরুত্বপূর্ণ শ্রমবাজারে কর্মরত এক/একাধিক অভিবাসী কর্মীর বিদেশ যাত্রার প্রেক্ষাপট, প্রবাস জীবনের সুখ দুঃখের অনুভূতি, প্রবাসী কর্মীদের জন্য শ্রমকল্যাণ উইংয়ের সহযোগিতা সংক্রান্ত Real life story সংগ্রহ করবেন।

(ঘ) স্যুভেনিরের জন্য একটি নাম প্রস্তাব করার অনুরোধ করা হলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রবাসী-২০২৬ নামকরণের সিদ্ধান্ত/প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(ঙ) বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংক কর্তৃক বর্তমান সরকারের সময়ে গৃহীত গুরুত্বপূর্ণ কর্মকান্ডের এবং এতদসংক্রান্ত ছক/সারণী/গ্রাফসহ তথ্য উপাত্ত সরবরাহ করবেন। তাছাড়া, বিএমইটি এজেন্টভিত্তিক কর্মী প্রেরণ এবং বিদেশে কর্মী গ্রহণকারী কোম্পানি/এমপ্লয়ারদের তথ্যও সরবরাহ করবেন।

(চ) স্যুভেনিরটি যথাসময়ে প্রকাশের নিমিত্ত আগামী ১২ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে লেখা, ছবি ও প্রাসঙ্গিক বিষয়বস্তু জমা দিতে হবে।

(ছ) প্রাপ্ত লেখাসমূহ উপকমিটি কর্তৃক মূল্যায়ন ও সম্পাদনার নিমিত্ত আগামী ১৫ নভেম্বর ২০২৬ তারিখে পরবর্তী সভা আয়োজন করতে হবে।

(জ) স্যুভেনিরের জন্য একটি উপযুক্ত প্রচ্ছদ প্রস্তুতের নিমিত্ত দায়িত্ব প্রাপ্ত ছাপাখানার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) স্যুভেনির ও ক্রোড়পত্রের প্রকাশের জন্য বাণীর খসড়া প্রস্তুত ও সংগ্রহের নিমিত্ত উপকমিটির নিম্নবর্ণিত কর্মকর্তাগণ দায়িত্ব পালন করবেন:

নাম ও পদবী	দায়িত্ব
জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, উপসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অধিশাখা), প্রকবৈকম	মহামান্য রাষ্ট্রপতির বাণী সংগ্রহ।
গাজী মোঃ শাহেদ আনোয়ার, উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা), প্রকবৈকম	মাননীয় প্রধানমন্ত্রী এবং সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর বাণী সংগ্রহ
জনাব মুহা: শওকত আলী, উপসচিব (কল্যাণ অধিশাখা), প্রকবৈকম	মাননীয় মন্ত্রী, প্রতি মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং IOM এর মিশন প্রধানের বাণী সংগ্রহ
জনাব মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল উপসচিব (কর্মসংস্থান শাখা-০১), প্রকবৈকম	পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর বাণী সংগ্রহ
মিজ তৃপ্তি কণা মন্ডল, সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান-৪ শাখা), প্রকবৈকম	মাননীয় উপদেষ্টা এবং প্রধান মন্ত্রীর বিশেষ সহকারী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

(ঞ) ইতোমধ্যে স্যুভেনিরের কাজ করেছে এমন প্রতিষ্ঠানকে প্রফেশনাল প্রুফরিডার রাখার শর্তে প্রকাশনার দায়িত্ব প্রদানের সুপারিশ করা হয়। মন্ত্রণালয় এক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। প্রকাশনার বাজেট আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(ট) স্যুভেনির প্রকাশের নিমিত্ত যাবতীয় কার্যক্রম সমন্বয় করার জন্য নিম্নবর্ণিত উপ-কমিটি গঠন করা হয়:

০১। জনাব মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল, উপসচিব (কর্মসংস্থান শাখা-০১), প্রকবৈকম	আহবায়ক
০২। গাজী মোঃ শাহেদ আনোয়ার, উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা), প্রকবৈকম	সদস্য
০৩। জনাব মুহা: শওকত আলী, উপসচিব (কল্যাণ অধিশাখা), প্রকবৈকম	সদস্য
০৪। মুহাম্মাদ আমিমুল এহসান, উপসচিব (আইন শাখা) (এনফোর্সমেন্ট-২ শাখা), প্রকবৈকম	সদস্য
০৫। মিজ তৃপ্তি কণা মন্ডল, সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান-৪ শাখা), প্রকবৈকম	সদস্য সচিব

কমিটির দায়িত্ব: ১) সুভেনির প্রকাশের নিমিত্ত যাবতীয় কার্যক্রম সমন্বয় ও সম্পাদন;
২) আগামী ১২ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে লেখা সংগ্রহ এবং ২৩ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে বাণী, সংগ্রহ;
৩) আগামী ২৪ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে চূড়ান্ত খসড়া প্রস্তুত করে প্রকাশনা বিষয়ক উপ-কমিটি'র আহবায়কের নিকট উপস্থাপন।

৪.৩ ক্রোড়পত্র প্রকাশনা:

(ক) ১৮ ডিসেম্বর ২০২৬ খ্রি. তারিখে ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত ২৪ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে মধ্যে ক্রোড়পত্র চূড়ান্ত করে প্রকাশের নিমিত্ত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) তথ্য মন্ত্রণালয়ের তালিকা অনুসারে প্রধান প্রধান দৈনিক পত্রিকায় ১ পেইজ কালার ক্রোড়পত্র প্রকাশের জন্য প্রতিটি পত্রিকার জন্য নির্ধারিত ব্যয় নির্বাহ করা হবে। দৈনিক পত্রিকার সংখ্যা ও আনুষঙ্গিক বাজেট পরবর্তীতে মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত করা হবে। এ সকল প্রকাশনা সংক্রান্ত ব্যয় মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাজেট হতে নির্বাহ করা হবে।

(গ) ক্রোড়পত্রে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বৈদেশিক কর্মসংস্থান এবং প্রবাসীদের কল্যাণে পরিচালিত সার্বিক কার্যক্রম বিষয়ে প্রাসঙ্গিক লেখা ও তথ্য প্রদানের নিমিত্ত মহাপরিচালক বিএমইটি এবং মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে অনুরোধ জানানো হবে।

(ঘ) ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে গাজী মোঃ শাহেদ আনোয়ার, উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা), প্রকবৈকম, ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত যাবতীয় কার্যক্রম সমন্বয় করার জন্য নিম্নবর্ণিত উপ-কমিটি গঠন করা হয়:

০১। গাজী মোঃ শাহেদ আনোয়ার, উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা), প্রকবৈকম	আহবায়ক
০২। মুহাম্মাদ আমিমুল এহসান, উপসচিব (আইন শাখা) (এনফোর্সমেন্ট-২ শাখা), প্রকবৈকম	সদস্য
০৩। মিজ,তৃপ্তি কণা মন্ডল, সিনিয়র সহকারী সচিব, (কর্মসংস্থান-৪ শাখা), প্রকবৈকম	সদস্য
০৪। পরিচালক (প্রশিক্ষণ), বিএমইটি	সদস্য
০৫। জনাব মোঃ শরীফুল ইসলাম, তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, প্রকবৈকম	সদস্য সচিব

কমিটির দায়িত্ব: ১) ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত যাবতীয় কার্যক্রম সমন্বয় ও সম্পাদন;
২) আগামী আগামী ১২ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে লেখা সংগ্রহ এবং ২৩ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে বাণী সংগ্রহের কাজ সমাপ্তকরণ; এবং
৩) আগামী ২৪ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে চূড়ান্ত খসড়া প্রস্তুত করে প্রকাশনা বিষয়ক উপ-কমিটি'র আহবায়কের নিকট পেশকরণ।

(ঙ) ক্রোড়পত্র কোন কোন পত্রিকায় প্রকশ করা হবে তা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করা হবে।

৪.৪ স্যুভেনির প্রকাশের নিমিত্ত দাপ্তরিক/নিজস্ব সংগ্রহ হতে উল্লেখযোগ্য, আকর্ষণীয় ও বিষয়বস্তুর প্রাসঙ্গিক ছবি সরবরাহের জন্য উপকমিটির সদস্যগণকে এবং অত্র মন্ত্রণালয়, বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ব্যাংক, আইএলও, আইওএম, সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থা, এনজিও এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের শ্রম উইং এর কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৯ অক্টোবর ২০২৬
মোঃ শহিদুল ইসলাম চৌধুরী
যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ)
ও
আহবায়ক, আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬ ও
জাতীয় প্রবাসী দিবস-২০২৬ উদযাপন উপলক্ষ্যে গঠিত
প্রকাশনা বিষয়ক উপকমিটি

স্মারক নং: ৪৯.০০.০০০০.০০০.০৪৭.১৬.২৫- ২১৬

তারিখ: ৩ কার্তিক ১৪৩৩ ব:
১৯ অক্টোবর ২০২৬ খ্রি:

বিতরণ: (প্রয়োজনীয় কার্যার্থে)/(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
০৪. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৭. মহাপরিচালক (কনস্যুলার ও কল্যাণ) পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. উপসচিব (কর্মসংস্থান-১ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৯। উপসচিব (কর্মসংস্থান-৩ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০. উপসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অধিশাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১. ড. আমিরুর রহমান, উপসচিব (অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১২. উপসচিব (কল্যাণ অধিশাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৩. উপসচিব (কর্মসংস্থান-২ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৪. উপসচিব (সেবা ও প্রটোকল শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৫. উপসচিব (এনফোর্সমেন্ট-২ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৬. সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান-৪ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৭. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৮. পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
১৯. প্রশাসক, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীস (বায়রা) ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা।
২০. প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
২১. হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২২. প্রফেসর ইসরাত শামীম, প্রেসিডেন্ট এন্ড কনসালটেন্ট, CWCS, ৯২, ইস্কাটন রোড, ঢাকা।
২৩. প্রোগ্রাম হেড, ব্র্যাক, ব্র্যাক সেন্টার (১২ তলা), ৭৫ মহাখালী, ঢাকা।
২৪. কমিউনিকেশন অফিসার, আইওএম, বাড়ী#১৩/এ, রোড#১৩৬, গুলশান-১, ঢাকা-১২১২।
২৫. ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২৬. প্রজেক্ট ম্যানেজার, (রামরু), সাত্তার ভবন (৪র্থ তলা), ১৭৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
২৭. Programm Coordinator, ওকাপ, সওদাগর গার্ডেন (৪র্থ তলা), ৪৬৬ নয়াপাড়া, দনিয়া পোস্ট অফিস রোড, শনির আখড়া, ঢাকা।
২৮. নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী শ্রমিক কেন্দ্র (বিএনএসকে), ৩৫/১৭, রোড#০৪, শ্যামলী, ঢাকা।
২৯. Techneal Adviser, হেলভেটাস সুইস কর্পোরেশন, বাড়ী#৩০ CWN(A), রোড#৪২/৪৩, গুলশান-২, ঢাকা।
৩০. মার্কেটিং ম্যানেজার, টিএমএসএস, ৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা।
৩১. কনসালটেন্ট, টিএমএসএস, ৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা।
৩২. ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, ইউএন-উইমেন, বাড়ী ৩৯, রোড ৪৩, গুলশান-২, ঢাকা।
৩৩. সভাপতি, ওয়ারবি ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, বাড়ী ১৫৫, বি (৪র্থ তলা), রোড-২২, ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
৩৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইআইডি, ঢাকা।

৩৫. ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, ইউএন-উইমেন, বাড়ী ৩৯, রোড ৪৩, গুলশান-২, ঢাকা।
৩৬. আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬ ও জাতীয় প্রবাসী দিবস-২০২৬ উদযাপন উপলক্ষ্যে গঠিত উপকমিটির আহ্বায়ক, সদস্য, সদস্য-সচিব (সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী,প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।

(মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল)
উপসচিব (কর্মসংস্থান-১ শাখা)
ও
সদস্য সচিব
প্রকাশনা বিষয়ক উপকমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
কর্মসংস্থান শাখা-০১
www.probashi.gov.bd

স্মারক নং- ৪৯.০০.০০০০.০৪৩.১১.০৫১.২৬ - ২১৫

তারিখঃ ১০ কার্তিক, ১৪৩৩ ব:
২৬ অক্টোবর, ২০২৬ খ্রি:

বিষয়: 'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬' ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা ও ছবি আহবান।

উপর্যুক্ত বিষয়ে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আয়োজনে **আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬' ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৬'** আগামী ১৮ ডিসেম্বর ২০২৬ তারিখে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

স্মরণিকায় প্রকাশের নিমিত্ত প্রকাশনা বিষয়ক উপ-কমিটির সিদ্ধান্ত অনুযায়ী- (ক) সংশ্লিষ্ট দেশ ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের অবদান, (খ) বৈশ্বিক চ্যালেঞ্জ ও প্রবাসী বাংলাদেশি, (গ) প্রবাসীদের কল্যাণে সরকারের গৃহীত কার্যক্রম ও ভবিষ্যতে করণীয়, (ঘ) বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসীদের রেমিট্যান্সের গুরুত্ব, (ঙ) নিরাপদ অভিবাসন, (চ) অভিবাসনে সুশাসন, (ছ) অভিবাসনে বাংলাদেশের অর্জন, (জ) প্রবাস ফেরতদের পুন:একত্রীকরণ (Reintegration), (ঝ) প্রবাসীদের সফলতার গল্প ইত্যাদি thematic area –সহ বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে নিম্নবর্ণিত বৈশিষ্ট্য অনুযায়ী লেখা আহ্বান করা যাচ্ছে:

বিষয়	অনুসরণীয় বৈশিষ্ট্য
লেখার শব্দ সীমা	সর্বোচ্চ ১২০০ শব্দ
ফন্টের ধরণ	১) বাংলার ক্ষেত্রে Nikosh ২) ইংরেজির ক্ষেত্রে Times New Roman
ফন্ট সাইজ	১২

সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণ, প্রবাসী বাংলাদেশি এবং সরকারি কর্মচারীগণ লেখকের নাম, পদবী/প্রতিষ্ঠান, ই-মেইল, মোবাইল ও WhatsApp নম্বরসহ লেখা দিতে পারবেন।

ছবির মান বজায় রেখে (৫০০০-৩০০০ পিক্সেল ও ৫ এমবি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা, বিদেশে বাংলাদেশ মিশন ও মিশনের শ্রম উইংসমূহ এবং অন্যান্য অংশীজনকে অভিবাসন সংশ্লিষ্ট সাম্প্রতিক ছবি এবং ঐতিহাসিক/দুর্লভ ছবি প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

উপর্যুক্ত বৈশিষ্ট্য অনুসরণপূর্বক বাংলা অথবা ইংরেজি ভাষায় রচিত লেখা ও ছবি'র সফট কপি ই-মেইলে souvenir26.probashi@gmil.com এবং হার্ড কপি, যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর নিকট আগামী **১২ নভেম্বর ২০২৬** তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সংশ্লিষ্ট কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত লেখা ও ছবি **'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬' ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৬'** এর স্মরণিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অত্যন্ত জরুরী।

২৬/১০/২০২৬

(মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল)
উপসচিব (কর্মসংস্থান-১ শাখা)
ও
সদস্য সচিব
প্রকাশনা বিষয়ক উপকমিটি

অপর পৃষ্ঠায়

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১ সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
০৩ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪ মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা ।
(ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫ মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা ।
(ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৭ অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৮ যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৯ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
১০ প্রশাসক, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীস (বায়রা) ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা।
১১ জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয়।
১২ উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৩ মিনিস্টার (শ্রম)/কাউন্সেলর(শ্রম)/প্রথম সচিব (শ্রম)/দ্বিতীয় সচিব (শ্রম), শ্রম কল্যাণ উইং (রিয়াদ/জেদ্দা/আবুধাবী/দুবাই ওমান/কাতার/কুয়েত/বাহরাইন/লেবানন/জর্ডান/ইরাক/মিশর/লিবিয়া/গ্রীস/রোম/মিলান/সুইজারল্যান্ড/স্পেন/রাশিয়া/থাইল্যান্ড /মালদ্বীপ/মালয়েশিয়া/ব্রুনাই/সিঙ্গাপুর/দক্ষিণ কোরিয়া/জাপান/হংকং/অস্ট্রেলিয়া/মরিশাস
[প্রবাসী কর্মী, নিয়োগকর্তা এবং সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণের নিকট থেকে লেখা সংগ্রহ করে প্রেরণ করতে পারেন]।
১৪ অধ্যক্ষ, আইএমটি ও টিটিসি (সকল)
১৫ উপ-পরিচালক/সহকারী পরিচালক, ডিইএমও (সকল)
১৬ প্রফেসর ইসরাত শামীম, প্রেসিডেন্ট এন্ড কনসালটেন্ট, সেন্টার ফর ওমেন এন্ড চিল্ডেন স্টাডিস, ৯২, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১২১৭।
১৭ প্রোগ্রাম হেড, ব্র্যাক, ব্র্যাক সেন্টার (১২ তলা), ৭৫ মহাখালী, ঢাকা।
১৮ কমিউনিকেশন অফিসার, আইওএম, বাড়ী#১৩/এ, রোড#১৩৬, গুলশান-১, ঢাকা-১২১২।
১৯ ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২০ সভাপতি, সিডব্লিউসিএস, ৯২ ইস্কাটন রোড, ঢাকা।
২১ রামরু, সান্তার ভবন (৪র্থ তলা), ১৭৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
২২ ওকাপ, সওদাগর গার্ডেন (৪র্থ তলা), ৪৬৬ নয়াপাড়া, দনিয়া পোস্ট অফিস রোড, শনির আখড়া।
২৩ নির্বাহি পরিচালক, বাংলাদশে নারী শ্রমিক কেন্দ্র (বিএনএসকে), ৩৫/১৭, রোড#০৪, শ্যামলী, ঢাকা।
২৪ হেলভেটাস সুইস কর্পোরেশন, বাড়ী#৩০ CWN(A), রোড#৪২/৪৩, গুলশান-২, ঢাকা।
২৫ টিএমএসএস, ৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, মিরপুর -১০, ঢাকা।
২৬ ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, ইউএন-উইমেন, বাড়ী ৩৯, রোড ৪৩, গুলশান-২, ঢাকা।
২৭ সভাপতি, ওয়ারবি ডেভেলপমেন্ট ফাউন্ডেশন,বাড়ী ১৫৫, বি (৪র্থ তলা), রোড-২২, ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
২৮ প্রধান নির্বাহি কর্মকর্তা, আইআইডি, ঢাকা।
২৯ আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৫ ও জাতীয় প্রবাসী দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গঠিত সকল উপকমিটির সদস্য সচিব।
৩০ প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে]।
২. যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।

(মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল)
উপসচিব
ও
সদস্য সচিব
প্রকাশনা বিষয়ক উপকমিটি